**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 05.07.2026** **Desk in Charge : Susmita M.**
**Time: 1-40 PM** **Edit. & Compile. : Jayanta S.**
**DEO: KB** **NRT : Subhamita M.**

*************************************************************************

'বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ)' বা 'ভিবি-জি রাম জি'(VB-G RAM G) আইন, ২০২৫ চলতি মাসের ১ তারিখ থেকে সফলভাবে কার্যকর হয়েছে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ শ্রী সিং এই প্রকল্পের আওতায় বিভিন্ন রাজ্যের জন্য ২৫ হাজার কোটি টাকার সহায়তা অনুমোদন করেছেন। শ্রী চৌহান জানান, 'মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প'-MGNREGA-র উত্তরসূরি হিসেবে 'ভিবি-জি রাম জি' প্রকল্প সফলভাবে যাত্রা শুরু করেছে। তিনি উল্লেখ করেন, এমজিএনআরইজিএ (MGNREGA) বাস্তবায়নে তিন বছরেরও বেশি সময় লেগেছিল, অথচ 'ভিবি-জি রাম জি' সারা দেশে মাত্র একদিনেই কার্যকর করা সম্ভব হয়েছে।

*****************************

ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবস পালন অনুষ্ঠানে যোগ দিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল রাজ্যে আসছেন। সরকারি সূত্রে জানা গেছে, দুপুরে কলকাতা পৌঁছে তিনি, ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন। এরপর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর যোগ দেবার কথা। রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্য জুড়ে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মাটিতে বিজেপি এই প্রথম সরকার গঠন করেছে। তাই এই জন্মদিন পালন নিঃসন্দেহে ঐতিহাসিক।

******************************

রাজ্যে পুনরায় প্রধানমন্ত্রী জন বিকাশ কর্মসূচি চালু হতে চলেছে। কেন্দ্র সম্প্রতি এই প্রকল্পের বকেয়া ৬৫ কোটি টাকা মিটিয়ে দেওয়ায় এই কর্মসূচী রূপায়নে আর কোনও প্রতিবন্ধকতা রইলো না।

উল্লেখ্য, এই কর্মসূচির মাধ্যমে সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় স্বাস্থ্য কেন্দ্র, চিকিৎসা পরিকাঠামো, দক্ষতা উন্নয়ন কেন্দ্র, বিদ্যালয়, পানীয় জল, বিভিন্ন মহিলা কেন্দ্রিক প্রকল্পের মতো অন্যান্য জন পরিকাঠামো গড়ে তোলা হয়। এই কর্মসূচি তে আগামী দিনে রাজ্যে কি ধরনের কাজ করা যেতে পারে কেন্দ্র তাঁর বিস্তারিত তথ্য সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের কাছে চেয়ে পাঠিয়েছে।

******************************

রাজ্যপাল আর এন রবি বলেছেন , একটা দেশের ও জাতির সামগ্রিক উন্নতিতে মানুষের কাছে সঠিক তথ্য পরিবেশন করা সাংবাদিক দের প্রধান শর্ত। সাংবাদিকতায় বিশেষ কৃতিত্বের জন্য নারদ সম্মান প্রদান অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্যপাল বলেন প্রাচীন ভারতে দেবর্ষি নারদ জনসংযোগের যে সূচনা করেছিলেন সেটিই ছিল প্রথম পথ।

( বাইট- রাজ্যপাল )

বিশ্ব সংবাদ কেন্দ্র দক্ষিণবঙ্গের তরফে পাঁচজন বরিষ্ঠ সাংবাদিক রথীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, বিজয় আঢ্য, ভজন লাল গঙ্গোপাধ্যায়, রবীন্দ্রনাথ দত্ত এবং রঞ্জিত রায় কে জীবন কৃতি পুরস্কারে সম্মানিত করা হয়। এছাড়াও আরও ১২ জন সাংবাদিককে নারদ সম্মান ২০২৬ সম্মান জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী কল্যাণ চক্রবর্তী।

******************************

ই-টোয়েন্টি ইথানল ব্যবহারে গাড়ির ইঞ্জিনে কোন প্রতিকূল প্রভাব পড়ে না বলে ইন্ডিয়ান ওয়েল ডিলার্স ফোরাম দাবি করেছে। গতকাল কলকাতায় পেট্রলে ই-টোয়েন্টি ইথানলের ব্যবহার এবং যানবাহনের ওপর এর প্রভাব সম্পর্কে ভূল তথ্য ছড়ানোর বিরুদ্ধে একটি সাংবাদিক বৈঠকে ফোরামের রাজ্য সচিব কুশল বাজোরিয়া একথা জানান। তিনি বলেন এই জ্বালানি অত্যন্ত নিরাপদ এবং অনেক পরীক্ষা-নিরীক্ষার পর বাজারে আনা হয়েছে।

******************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ধপধপি-২ গ্রাম পঞ্চায়েতের সূর্যপুর হাট এলাকায় বছর বারোর এক নাবালিকার মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। খাবার কেনার কথা বলে গতকাল বিকেলে বাড়ি থেকে বেরিয়ে সে নিখোঁজ হয়ে যায় । একটি পুকুর থেকে আজ সকালে তার দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, চার ব্যক্তি ওই নাবালিকাকে অপহরণ করে ধর্ষণের পর খুন করেছে। ঘটনার প্রতিবাদে ক্ষুব্ধ এলাকাবাসী ও পরিবারের সদস্যরা দেহ আটকে রেখে রাস্তা অবরোধ করেন এবং অভিযুক্তদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তির দাবি জানান। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

*******************************

ঝাড়খণ্ড থেকে অস্ত্র এনে সরবরাহের আগেই মুর্শিদাবাদের লালগোলা থানার পুলিশের হাতে পাচার চক্রের দুই সদস্য গ্রেপ্তার হয়েছে। লালগোলা থানার আমতলা মোড়ে গতকাল ভোররাতে অভিযান চালিয়ে পুলিশ তাদের গ্রেফতার করে । ধৃতদের কাছ থেকে ৩টি ৭ এমএম পিস্তল, ২১টি কার্তুজ এবং ৬টি ম্যাগাজিন পুলিশ উদ্ধার করেছে । পুলিশ জানিয়েছে, ধৃত আশাদুল শেখের বাড়ি মুর্শিদাবাদের সাগরপাড়া থানার পূর্ব কাজিপাড়া গ্রামে। এবং মুকসেদুল হাসান থাকে ইসলামপুর থানার ডাঙাপাড়া ফিরোজপুর এলাকায়। লালবাগ মহকুমা আদালতে গতকাল তাদের তোলা হলে বিচারক ৫ দিনের পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দেন।

*******************************

নদীয়ার কৃষ্ণনগরের জগৎবিখ্যাত ঘূর্ণির মাটির ও পোড়ামাটির পুতুল পেয়েছে জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন (জিআই) স্বীকৃতি। এই স্বীকৃতিতে উচ্ছ্বসিত ঘূর্ণির মৃৎশিল্পীরা। জাতীয় পুরস্কারপ্রাপ্ত মৃৎশিল্পী সুবীর পাল জানান, জিআই স্বীকৃতি ব্যবসার নতুন দিগন্ত খুলে দেবে এবং নতুন প্রজন্মকে এই ঐতিহ্যবাহী শিল্পে আকৃষ্ট করবে।

*******************************

নিম্নচাপের প্রভাবে রাজ্যের উপকূলবর্তী জেলা পূর্ব পশ্চিম মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পুরুলিয়া জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা দেওয়া হয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও বেশ কয়েক পশলা ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গে

আগামীকাল থেকে আবার বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

******************************

নিম্নচাপের জেরে উত্তাল সমুদ্রে চড়ায় আটকে পড়া একটি ট্রলার থেকে ৭ মৎস্যজীবীকে নিরাপদে উদ্ধার করেছে দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জ কোস্টাল থানার পুলিশ। গতকাল তাদের মৎস্যবন্দরে ফিরিয়ে আনা হয়। জানা গেছে, এফ বি মা-কালী নামে ট্রলারটি ফ্রেজারগঞ্জের লাটিমের চরের কাছে চড়াতে আটকে পড়ে। খবর পেয়ে সেখানে পৌঁছয় কোস্টাল পুলিশ। দুর্যোগের মধ্যে সমুদ্রে না যাওয়ার জন্য মৎস্যজীবীদের সতর্ক করা হচ্ছে প্রশাসনের তরফ থেকে।

**********************************************************************